ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক বাংলা

তারিখ 10 NOV 1988

পৃষ্ঠা ... কলাম ...

05

# মেডিক্যালে ভর্তি : পদ্ধতি পরিবর্তন

(মিটফোর্ড রিপোর্টার)

দেশের মেডিক্যাল কলেজসমূহে ভর্তির নিয়ম আবারও পরিবর্তন করা হয়েছে। এ নিয়ে ১৯৭৮-৭৯ হতে ১৯৮৮-৮৯ শিক্ষাবর্ষ পর্যন্ত ১১ বছরে ভর্তির নিয়ম পরিবর্তন করা হয়েছে সাতবার।

১৯৮৮-৮৯ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা ছিল নিয়মিত ছাত্রছাত্রীদের ক্ষেত্রে

(৩-এর পৃঃ দ্রঃ)

## পরিবর্তন

(প্রথম পৃঃ পর)

এসএসসি ও এইচএসসি পরীক্ষায় কমপক্ষে ১২০০ নম্বর পেতে হবে। ১৯৮৭-৮৮ শিক্ষাবর্ষে যোগ্যতা ছিল প্রার্থীকে এসএসসি ও এইচ-এসসি পরীক্ষায় প্রথম বিভাগে পাস করতে হবে।

১৯৮৮-৮৯ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার প্রশ্ন হবে এমসিকিউ (মালটিপল চয়েজ কোশ্চেন) আকারে। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় প্রশ্ন থাকবে ১৫০টি। উত্তরদানের জন্য সময় দেয়া হবে তিন ঘন্টা।

বিগত বছরগুলোতে এ পদ্ধতি ছিল না। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা করা হয়েছে নিয়মিত ছাত্রছাত্রীদের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় কমপক্ষে ১২০০ নম্বর।